



প্রজ্ঞাপন


ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করেছে।

| তারিখ ও সময়   | দিবসের কর্মসূচী  | দায়িত্বপ্রাপ্ত অফিস   |
|--|--|--|
| ২০ ফেব্রুয়ারী '১৮<br>রাতে কুরআন তেলাওয়াত<br>ও ২১ ফেব্রুয়ারি দোয়া<br>মাহফিল | বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফিরাতের উদ্দেশ্যে পবিত্র কুরআন তেলাওয়াত ও দোয়া অনুষ্ঠান এবং ২১ ফেব্রুয়ারি সকাল ১০টায় কেন্দ্রীয় মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফিরাতের জন্য দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।  | কেন্দ্রীয় মসজিদের<br>পেশ ইমাম কাম খতিব<br>ড. আ.স.ম শোয়াইব<br>আহমাদ   |
| ২০ ফেব্রুয়ারি '১৮<br>রাত ১১.৪৫ মিনিট<br>শোকর্যালি                             | মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুন-উর-রশিদ আসকারী -এর নেতৃত্বে এবং মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ শাহিনুর রহমান ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ সেলিম তোহা, সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব এস এম আব্দুল লতিফ-এর উপস্থিতিতে প্রশাসন ভবন হতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি, ছাত্র-ছাত্রী, বিভিন্ন হল, বিভিন্ন পরিষদ/ফোরাম এবং সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনসমূহের অংশগ্রহণে শোকর্যালি অনুষ্ঠিত হবে।   | শোক র্যালি উদযাপন<br>উপ-কমিটি, প্রক্টরিয়াল<br>বডি, তথ্য, প্রকাশনা ও<br>জনসংযোগ অফিস,<br>বিএনসিসি ও রোভার<br>স্কাউটস                         |
| রাত ১২.০১ মিনিট<br>কেন্দ্রীয় শহীদ মিনারে<br>শ্রদ্ধাঞ্জলি নিবেদন               | রাত ১২.০১ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করবেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুন-উর-রশিদ আসকারী। এ সময় উপস্থিত থাকবেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ শাহিনুর রহমান ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোঃ সেলিম তোহা, সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব এস এম আব্দুল লতিফ। এরপর পর্যায়ক্রমে সর্বস্তরের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রী, বিভিন্ন বিভাগ, বিভিন্ন হল, বিভিন্ন পরিষদ/ফোরাম এবং সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনসমূহ ঘোষণা অনুযায়ী সু-শৃংখলভাবে পুষ্পস্তবক অর্পণ করবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নিরবতা পালন ও ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হবে। দোয়া পরিচালনা করবেন কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম কাম খতিব ড. আ.স.ম শোয়াইব আহমাদ। | প্রক্টরিয়াল বডি,<br>বিএনসিসি, রোভার<br>স্কাউটস, তথ্য,<br>প্রকাশনা ও<br>জনসংযোগ অফিস,<br>কেন্দ্রীয় মসজিদ                                    |
| ২১ ফেব্রুয়ারি '১৮<br>সকাল ৯টায়<br>পতাকা উত্তোলন                              | ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন করা হবে। প্রশাসন ভবন চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত করবেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুন-উর-রশিদ আসকারী। কালো পতাকা উত্তোলন করবেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ শাহিনুর রহমান। একই সময়ে হলসমূহে হল প্রভোস্টগণ জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করবেন।   | শোক র্যালি উদযাপন<br>উপ-কমিটি, তথ্য,<br>প্রকাশনা ও<br>জনসংযোগ অফিস,<br>এস্টেট অফিস,<br>বিএনসিসি ও রোভার<br>অফিস, প্রক্টরিয়াল বডি<br>ক্রমশ-২ |

পরিবহন সময়সূচী

|                                      |   |             |
|--------------------------------------|---|-------------|
| ২০ ফেব্রুয়ারি '১৮<br>রাত ১০ টায়    | ২০ ফেব্রুয়ারি রাত ১০টায় কুষ্টিয়া হতে ৬টি বড়বাস, ঝিনাইদহ হতে ৩টি বড়বাস এবং শৈলকুপা হতে ২টি মিনিবাস নির্ধারিত রুটে ক্যাম্পাসে আসবে এবং অনুষ্ঠান শেষে ক্যাম্পাস ছেড়ে যাবে।             | পরিবহন অফিস |
| ২১ ফেব্রুয়ারি '১৮<br>সকাল ৭.৩০ টায় | ২১ ফেব্রুয়ারি সকাল ৭.৩০ টায় কুষ্টিয়া হতে ২টি বড় বাস, ঝিনাইদহ হতে ১টি বড় বাস ও শৈলকুপা হতে ১টি মিনিবাস নির্ধারিত রুটে ক্যাম্পাসে আসবে। অনুষ্ঠান শেষে ক্যাম্পাস হতে একসাথে ছেড়ে যাবে। | পরিবহন অফিস |

ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আয়োজিত অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ এর উপর্যুক্ত কর্মসূচিতে অংশগ্রহণের জন্যে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি ও ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে অনুরোধ করা হলো।



(প্রফেসর ড. মোঃ শাহিনুর রহমান)


উপ-উপাচার্য

ইসলামী বিশ্ববিদ্যালয়

ও আহবায়ক

জাতীয় দিবসসমূহ উদযাপন স্ট্যাভিং কমিটি-২০১৮

ইসলামী বিশ্ববিদ্যালয়



(মোঃ আতাউল হক)

উপ-পরিচালক (তত্ত্বজ)

ও

সদস্য-সচিব

জাতীয় দিবসসমূহ উদযাপন স্ট্যাভিং কমিটি-২০১৮

ইসলামী বিশ্ববিদ্যালয়

অনুষ্ঠানের প্রজ্ঞাপন সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

উপাচার্য মহোদয়

